**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 24.05.2024 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ লোকসভা নির্বাচনে ষষ্ঠ দফায় আগামীকাল এরাজ্যের ৮ টি সহ মোট ৫৮ টি আসনে ভোট নেওয়া হবে। # রাজ্যে মোট ৯১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকছে।

২/ রাজ্যে সপ্তম দফা নির্বাচনের জন্য চলছে জোরদার প্রচার। # হাইকোর্টের রায়ে OBC শংসাপত্র বাতিল নিয়ে চলছে জোর তরজা।

৩/ নন্দীগ্রামের সোনাচূড়ায় মহিলা বিজেপি কর্মী খুনের ঘটনায় 'অ্যাকশন টেকেন রিপোর্ট' তলব করেছে নির্বাচন কমিশন।

৪/ নিউটাউনে বাংলাদেশের সাংসদ খুনের ঘটনায় দু'জনকে আটক করেছে CID ।

৫/ পশ্চিম মধ্য ও সংলগ্ন দক্ষিণ বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপ অঞ্চলটি আজ সকালে নিম্নচাপের আকার নেবে। আগামীকাল সেটি ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনা।

*****************************************************************

লোকসভা নির্বাচনে ষষ্ঠ দফায় আগামীকাল দেশের ৫৮টি আসনে ভোট গ্রহণ। এর মধ্যে রয়েছে, রাজ্যের ৮ টি আসন- পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম, কাঁথি, তমলুক ও ঘাটাল। ষষ্ঠ দফায় ১ কোটি ৪৫ লক্ষেরও বেশি

ভোটদাতা, ৭৯ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন। ১৫ হাজার ৬০০ টি ভোট কেন্দ্রের মধ্যে ২ হাজার ৬৭৮ টি-কে সংকটপ্রবণ হিসাবে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি এধরনের বুথ রয়েছে কাঁথিতে ৫০১ টি, এরপর তমলুকে ৩৭৩টি।

সবকটি বুথে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা করা হলেও ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পুরুলিয়ার কয়েকটিতে সেই সুবিধা থাকছেনা। সেখানে মাইক্রো অবজার্ভারের পাশাপাশি ভিডিও রেকর্ডিং-এর বন্দোবস্ত রাখা হচ্ছে। ভোটকর্মীরা সব সরঞ্জাম সংগ্রহ করতে ইতমধ্যেই DCRC গুলিতে পৌঁছেছেন।

এদিকে, অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হচ্ছে। মোতায়েন থাকছে ৯১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও প্রায় ৩০ হাজার রাজ্য পুলিশ।

নির্বাচন কমিশন পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের ওপর কড়া নজর রাখছে। বিশেষ নজর দেওয়া হচ্ছে ঝাড়গ্রাম জেলার ওপরেও। কমিশন সূত্রে জানা গেছে, সবচেয়ে বেশি কেন্দ্রীয় বাহিনী থাকছে পূর্ব মেদিনীপুরে- ২৩৭, তারপর পশ্চিম মেদিনীপুরে ২১৮ বাহিনী। এছাড়া বাঁকুড়ায়-১৭৮, পুরুলিয়ায়- ১৩৭, ঝাড়গ্রামে-১৩৩ ও পূর্ব বর্ধমানে-১৬ কোম্পানী বাহিনী মোতায়নে করা হচ্ছে।

এদিকে, আগামীকাল ভোটের জন্য দীঘার বিভিন্ন হোটেল গতকাল সকালে ফাঁকা করে দেওয়া হয়। নির্বাচন কমিশনের নির্দেশ মেনে নতুন বুকিংও নেওয়া হচ্ছে না। ২৫ তারিখের পর আবার বুকিং করার নির্দেশ দেওয়া হয়েছে।

*********************

আগামীকাল জঙ্গলমহলে নির্বাচনের দিন হাতির আক্রমণ ঠেকাতে বনদপ্তর বেশ কিছু ব্যবস্থা নিয়েছে। ঝাড়গ্রামের চারটি ডিভিশেনর জঙ্গলে বর্তমানে যে প্রায় একশোটি হাতি রয়েছে, তাদের গতিবিধি অনুযায়ী ঐ বিভাগের ১৪০টি বুথ সংকটপ্রবণ হিসাবে চিহ্নিত করা হয়েছে।

এছাড়া খড়গপুর, মেদিনীপুর, রূপনারায়ণপুর ডিভিশনেও এধরনের ২০৫ টি বুথ রয়েছে। জঙ্গল লাগোয়া এই বুথগুলিতে বিশেষ নজরদারির জন্য ৩ থেকে ৫ টি ভ্রাম্যমান দল, দুটি করে হুলা পার্টি এবং তিনটি করে গাড়ির ব্যবস্থা রাখা হচ্ছে।

********************

লোকসভা নির্বাচনে সপ্তম দফার ভোটের জন্য নির্বাচন কমিশনে সবরকম ব্যবস্থা রাখছে। এই দফায় কলকাতা উত্তর ও দক্ষিণ, যাদবপুর, ডায়মন্ডহারবা, জয়নগর, মথুরাপুর, বারাসাত, বসিরহাট ও দমদম আসনে ভোট নেওয়া হবে আগামী পয়লা জুন। একইসঙ্গে বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও এইদিনই ভোটগ্রহণ।

দমদম লোকসভা কেন্দ্রের নির্বাচন নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন- (ভিসি- দমদম )

সপ্তম দফায় বসিরহাট লোকসভা কেন্দ্রের সন্দেশখালি, হিঙ্গলগঞ্জ ও সুন্দরবন অঞ্চলের ওপর নির্বাচন কমিশন বিশেষ নজর দিচ্ছে। রাজারহাটের পঞ্চায়েত এলাকা ও কলকাতার সমস্ত বস্তি এলাকাতেও থাকছে কমিশনের নজরদারি। উপ নির্বাচন কমিশনার নীতেশ ব্যাস গতকাল কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ বাহিনী নিয়ে এক বৈঠক করেন। এই বৈঠকে স্থির হয়েছে ১ হাজার ৫৮০ সেকশন QRT বা ক্যুইক রেন্সপন্স টিম মোতায়েন করা হবে।

********************

রাজ্যে সপ্তম দফা নির্বাচনের জন্য চলছে জোরদার প্রচার।

শীর্ষ বিজেপি নেতা **প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী, আগামী মঙ্গলবার উত্তর কলকাতায় একটি রোড শো করবেন। মোট আড়াই কিলোমিটার পথ জুড়ে এই রোড শো চলবে বলে খবর। কলকাতা উত্তরে দলীয় প্রার্থীর পাশাপাশি বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও সেখানে উপস্থিত থাকবেন। বিজেপি নেতা তথা অভিনেতা মিঠুন চক্রবর্তী গতকাল পুরুলিয়ার বলরামপুরে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করে ১০০ দিনের কাজ নিয়ে তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনা করেন।

তৃণমূল কংগ্রেস প্রধান **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জি আজ ক্যানিং-এ জয়নগর লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে একটি জনসভা করবেন। গতকাল মুখ্যমন্ত্রী দমদম লোকসভা ও বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনে দলীয় প্রার্থীদের সমর্থনে এক পদযাত্রা করেন। প্রায় দুমাস ধরে দেশে ভোট পর্ব চলায়

অসন্তোষ ব্যক্ত করেছেন তিনি। হাইকোর্টের OBC শংসাপত্র বাতিল করা নিয়ে ফের সরব হন মমতা।

(বাইট- CM OBC)

অন্যদিকে উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে দলের প্রার্থীর সমর্থনে রোড শো-এ অংশ নেবেন রাজ্যের মন্ত্রী পার্থ ভৌমিক। একটি সভাও আয়োজিত হবে।

********************

ইন্ডি জোটের দলগুলি তোষণের রাজনীতি করে সংবিধানকে লঙ্ঘন করছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা এক বিবৃতিতে জানিয়েছেন, কলকাতা হাইকোর্ট যে OBC সার্টিফিকেট বাতিলের নির্দেশ দিয়েছে, তাতে রাজ্যে মমতা ব্যানার্জির তোষণের রাজনীতি প্রকাশ্যে এসেছে। শ্রী নাড্ডা বলেন, ধর্মের ভিত্তিতে সংরক্ষণ করা যাবে না তা সংবিধানে স্পষ্টভাবে উল্লেখ আছে। তা সত্ত্বেও মমতা ব্যানার্জি ও রাহুল গান্ধী সহ ইন্ডি জোটের দলগুলি তোষণের রাজনীতি করে সংবিধানকে লঙ্ঘন করছে। সর্বভারতীয় সভাপতি জানান, আদালতের রায়ের পরেই রাজ্যের মুখ্যমন্ত্রী এই নির্দেশ মানবেন না বলে দাবি করেছেন। মুখ্যমন্ত্রীর এই বক্তব্য সংবিধানের অবমাননা। রাজ্যের মানুষ, এর উপযুক্ত জবাব দেবে বলে শ্রী নাড্ডা দাবি করেন।

********************

ষষ্ঠ দফা ভোটের আগে পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে সোনাচূড়া এলাকায় বিজেপির এক মহিলা কর্মীকে খুনের ঘটনায় নির্বাচন কমিশন, 'অ্যাকশন টেকেন রিপোর্ট' তলব করেছে। এই ঘটনায় এখনো পর্যন্ত কি পদক্ষেপ নেওয়া হয়েছে এবং কি কারণে মৃত্যু, তা' বিস্তারিত জানতে চেয়ে জেলাশাসককে দ্রুত রিপোর্ট পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে অশান্তিপ্রবণ এলাকায় কেন্দ্রীয় বাহিনীকে দিয়ে 'রুট মার্চ' করানোর কথাও বলেছে কমিশন।

উল্লেখ্য, বুথ পাহাড়া দেবার সময় দুষ্কৃতী হামলায় বিজেপি কর্মী রথীবালা আড়িকে পিটিয়ে ও কুপিয়ে খুন এবং তাঁর ছেলে দলের নেতা সঞ্জয় আড়ি সহ ৭ জন গুরুতর জখম হওয়ার ঘটনায় সোনাচূড়া এলাকায় তীব্র উত্তেজনা ছড়ায়। দলীয় নেতা কর্মীদের ওপর আক্রমণের প্রতিবাদে বিজেপি কর্মী সমর্থকরা গতকাল

সকাল থেকে বিভিন্ন জায়গায় টায়ার জ্বালিয়ে, পথ অবরোধ করে বিক্ষোভ দেখান। দুপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী নন্দীগ্রামে পৌঁছালে পরিস্থিতি আরো উত্তপ্ত হয়ে ওঠে। আহতদের দেখতে তিনি হাসপাতাল যান। নন্দীগ্রাম থানার আইসির সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন তিনি। হামলার আগে অভিযুক্তদের, থানায় আই সি-র সঙ্গে দেখা গেছে বলে শুভেন্দুর দাবী। তাঁর অভিযোগ, মুখ্যমন্ত্রী এবং অভিষেক ব্যানার্জীর উস্কানিতেই তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা হামলা চালিয়েছে। উপযুক্ত ব্যবস্থা না নেওয়া হলে তাঁরা আদালতের দ্বারস্থ হবেন বলেও শুভেন্দু জানান।

(বাইট- শুভেন্দু)

শাসক দল অবশ্য এই অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে। বিকেলে তৃণমূল কংগ্রেস নেতা রাজীব ব্যানার্জী এবং পার্থ ভৌমিক এলাকায় গেলে তাদের দেখে ‘গো ব্যাক’ স্লোগান দেওয়া হয়।

********************

বাংলাদেশি সাংসদ আনওয়ারুল আজিমের খুনের খটনায় দুই ব্যক্তিকে আটক করেছে রাজ্য পুলিশের গোয়েন্দা বিভাগ- CID .

তদন্তকারীদের সূত্রে খবর, আটক জিহাদ হাওলাদার আদতে বাংলাদেশের খুলনার বাসিন্দা। মুম্বাই থেকে তাকে ভাড়া করে আনা হয়। খুনের ঘটনায় CID ইতমধ্যে জুবের নামে আর’ও এক সন্দেহভাজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে।

********************

কলকাতা হাইকোর্ট, জাতীয় তদন্তকারী সংস্থা NIA-র পুলিশ সুপার ধনরাম সিং-কে পশ্চিমবঙ্গ থেকে বদলির আবেদন জানিয়ে তৃণমূল কংগ্রেসের দাখিল করা একটি আবেদন, খারিজ করে দিয়েছে। শ্রী সিং-এর নেতৃত্বে NIAর দল, গত মাসে ভূপতিনগর বিস্ফোরণের ঘটনায় দুই তৃণমূল কংগ্রেস নেতাকে গ্রেপ্তার করে। ২০২২-এর ডিসেম্বরে ওই বিস্ফোরণের ঘটনায় তিন জন প্রাণ হারান। হাইকোর্ট এ’ও জানিয়েছে, কেন্দ্রীয় সংস্থার একজন আধিকারিককে বদলির

বিষয়ে তারা কোনরকম হস্তক্ষেপ করতে পারেনা, কারণ বিষয়টি সম্পূর্ণ সংস্থার অভ্যন্তরীণ ব্যাপার।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেস প্রথমে ধনরাম সিং-কে NIA র পুলিশ সুপার পদ থেকে সরিয়ে দেওয়ার জন্যে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়। গ্রেপ্তারের কয়েক দিন আগেই শ্রী সিং বিজেপি নেতা জিতেন্দ্র তিওারির সঙ্গে রুদ্ধদ্বার বৈঠক করেন বলেও তৃণমূলের অভিযোগ। তিনি অবশ্য এই অভিযোগ অস্বীকার করেন।

কমিশন তৃণমূলের আবেদন গ্রহণ করতে অস্বীকার করলে, ওই দল তখন হাইকোর্টের দ্বারস্থ হয়।

********************

পশ্চিম মধ্য ও সংলগ্ন দক্ষিণ বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপ অঞ্চলটি আজ সকালে আরো ঘনীভূত হয়ে নিম্নচাপের আকার নেবে। ক্রমশঃ শক্তি বাড়িয়ে আগামীকাল (২৫ তারিখ) সকালে পূর্ব মধ্য বঙ্গোপসাগরে সেটি ঘূর্ণিঝড়ে পরিণত হবে। ২৬ তারিখ সন্ধ্যে নাগাদ সেটি প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় হিসেবে বাংলাদেশ ও সংলগ্ন পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম করার সম্ভাবনা। এসময় ঝড়ের গতিবেগ সর্ব্বোচ্চ ঘন্টায় ১৩০ কিলোমিটারে পৌঁছতে পারে।

এর প্রভাবে সমুদ্র উত্তাল থাকবে। উপকূলবর্তী জেলাগুলিতে ভারী বর্ষণের ‘হলুদ সতর্কতা’ জারি হয়েছে।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানালেন-

(বাইট- সোমনাথ দত্ত )

মৎস্যজীবীদের ২৭ তারিখ সকাল পর্যন্ত সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

************************************************************